মুক্তিযুদ্ধের সঙ্গে ধানমণ্ডি ৩২-এর কোনো সংযোগ নেই: শফিকুল আলম



সংগৃহীত ছবি

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার প্রেসসচিব শফিকুল আলম সম্প্রতি এক টেলিভিশন অনুষ্ঠানে মন্তব্য করেন, “ধানমণ্ডি ৩২ অনেকের কাছে শেখ মুজিবের বাড়ি হিসেবে পরিচিত। তবে এটি মুক্তিযুদ্ধের সঙ্গে সরাসরি সম্পর্ক রাখে না।”

তিনি বলেন, “শেখ হাসিনা তার বাবাকে এমন এক অবস্থানে পৌঁছে দিয়েছিলেন, যেখানে মানুষ তার বাবার ওপর সমস্ত রাগ ঢেলে দিয়েছে। আমাদের শুধু প্যারেড বা অনুষ্ঠান করার ফলে কি আমরা মুক্তিযুদ্ধের চেতনাপূর্ণ নাগরিক হয়ে গেলাম? দেশের মানুষের ভোটাধিকার ফিরিয়ে দেওয়া কি মুক্তিযুদ্ধের চেতনাবিরোধী? ন্যায়বিচার ও মৌলিক অধিকার মানুষকে ফিরিয়ে দেওয়া কি চেতনাবিরোধী? ৫৪ বছর ধরে দেশের কোর্টগুলোকে সরকারিভাবে নিয়ন্ত্রণ করা হয়েছে, আমরা তা স্বাধীন করেছি—এটিও কি মুক্তিযুদ্ধের চেতনাবিরোধী?

মুক্তিযুদ্ধ মানে কেবল নাম, পদ বা স্মৃতিসৌধ নয়। এটি আমাদের শেখায়—একটি শোষণমুক্ত সমাজ গড়তে, যেখানে সকলের সমান অধিকার থাকবে। আমি গরিব হলেও প্রাউডলি বলতে পারি—আমি এই দেশের নাগরিক। তবে, মুক্তিযুদ্ধের ইতিহাসকে রাজনৈতিকভাবে ব্যবহার করা হয়েছে। ৮৮৮টিরও বেশি সরকারি ভবন, স্কুল, কলেজ, ব্রিজ—প্রায় সবকটিই শেখ পরিবারের নামে নামকরণ করা হয়েছে। তখন আমরা কি তাদের রাজত্বের প্রজাদের মতো বসবাস করছিলাম? তখন মুক্তিযুদ্ধের চেতনা কোথায় ছিল?”